বুথ লেভেল অফিসার

ই- পত্রিকা

ভোটার তালিকায়

আপনার নাম

অন্তর্ভুক্ত করুন

সংস্করণ -১৩

সেপ্টেম্বর, ২০২৪

ভিত্তি স্তরের প্রভাব: ইসিআই-এর স্পেশাল সামারি রিভিশন (এসএসআর) উদ্যোগ কার্যকর করতে বিএলও-দের কার্যকারিতা

১৮ তম লোকসভার সাধারণ নির্বাচনের সফল সমাপ্তির পর ভারতের নির্বাচন কমিশন হরিয়ানা, মহারাষ্ট্র, ঝাড়খন্ড এবং জম্মু ও কাশ্মীরের কেন্দ্র শাসিত রাজ্যগুলির ভোটার তালিকা উন্নতকরণ সহ আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে।

সেই অনুসারে, সমস্ত যোগ্য এবং অ-নথিভুক্ত নাগরিকদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য কমিশন যথেষ্ট সুযোগ প্রদান করেছে। এর ফলে আগামী নির্বাচনে তাঁরা ভোট দেওয়ার সুযোগ পাবেন।

২য় এসএসআর ১ জুলাই ২০২৪-এ যোগ্যতার তারিখ হিসাবে পরিচালিত হয়েছিল, হরিয়ানা, মহারাষ্ট্র, ঝাড়খন্ড এবং জম্মু ও কাশ্মীরের কেন্দ্র শাসিত রাজ্যগুলিতে।

জম্মু ও কাশ্মীর ও হরিয়ানার কেন্দ্রশাসিত অঞ্চলের আসন্ন বিধানসভা নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে। ২০ এবং ২৭ আগস্ট ২০২৪ তারিখে যথাক্রমে ভোটার তালিকা প্রকাশ এবং চূড়ান্ত করা হয় প্রত্যেক যোগ্য নির্বাচকের অন্তর্ভুক্তি নিশ্চিত করার উদ্দেশ্যে। জম্মু ও কাশ্মীরে ১৮ সেপ্টেম্বর, ২০২৪ থেকে তিন ধাপে ভোট শুরু হবে এবং ১ অক্টোবর, ২০২৪ পর্যন্ত চলবে। ৮ অক্টোবর, ২০২৪ তারিখে ভোট গণনার পর ফলাফল ঘোষণা করা হবে।

হরিয়ানায়, নির্বাচন অনুষ্ঠিত হবে ৫ অক্টোবর এবং ফলাফল ঘোষণা করা হবে ৮ অক্টোবর, ২০২৪-এ।

সম্পাদনা সমিতি

এন.এন. বুটোলিয়া

জেষ্ঠ্য মুখ্য সচিব (নির্বাচক তালিকা)

পরিচালক (ইভিএম)

অশোক কুমার

উপ-মহাপরিচালক (আইটি)

কুলদীপ কুমার সাহারাওয়াত

পরিচালক (প্রশিক্ষণ), আইআইআইডিএম

পরিচালক (এসভিইইপি)

দীপালি মাসিরকর

পরিচালক (নির্বাচন পরিকল্পনা)

সম্পাদনা গোষ্ঠী

আর কে সিং

সমন্বয়কারী এসভিইইপি

অনুজ ছন্দক

যুগ্ম পরিচালক মিডিয়া (এসভিইইপি)

রজনী উপাধ্যায়

যোগাযোগ উপদেষ্টা

ফারহা আলভী

গ্রাফিক ডিজাইনার

## **ভোটার তালিকা শুদ্ধকরণ ও উন্নতকরণে বিএলও-এর ভূমিকা**

একজন বিএলও সতর্কতার সঙ্গে ভোটার তালিকা উন্নতকরণ এবং বিশুদ্ধকরণে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ভোটার তালিকায় পুনরাবৃত্তি/একাধিক সংযুক্তি, স্থায়ীভাবে স্থানান্তরিত বা মৃত সনাক্তকরণ ইত্যাদি বিষয়ে পদ্ধতিগতভাবে ঘরে ঘরে জরিপের মাধ্যমে। এর মধ্যে রয়েছে বাসিন্দাদের কাছ থেকে উপযুক্ত স্বাক্ষর এবং সমর্থনকারী প্রমাণ সহ প্রয়োজনীয় ফর্ম সংগ্রহ করা।

একবার এই বিশদগুলি সংগ্রহ করা হলে, বিএলও ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারের (ইআরও) কাছে এই ফর্ম ও তথ্যাবলী জমা দেন, জনসংখ্যার বিশেষত্ব অনুযায়ী ভোটার তালিকার ক্রমাগত পরিমার্জন এবং বর্ধিতকরণ নিশ্চিত করার মাধ্যমে।

ঘরে ঘরে জরিপ

একাধিক সংযুক্তি চিহ্নিতকরণ

মৃত ভোটার সনাক্তকরণ

স্থায়ীভাবে স্থানান্তরিত

### **বিশুদ্ধ তালিকার বিভিন্ন দিকসমূহ**

**অন্তর্ভুক্ত না হওয়া যোগ্য নাগরিকদের তালিকাভুক্ত করা**

বুথ লেভেল অফিসাররা (বিএলও) যোগ্য নাগরিকদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

এতে যোগ্য কিন্তু এখনও নথিভুক্ত নয় এমন ব্যক্তিদের চিহ্নিত করা এবং নিবন্ধন করা জড়িত রয়েছে। বিএলও যথাযথ প্রচেষ্টার মাধ্যমে নিবন্ধন পদ্ধতি সংগঠিত করেন, এবং কোনও যোগ্য ভোটার যাতে বাদ না পড়ে তা নিশ্চিত করতে বাসিন্দাদের প্রয়োজনীয় ফর্ম জমা দিতে সহায়তা করেন।

**চিহ্নিত পুনর্সংযুক্তি/একাধিক সংযুক্তি/জনসংখ্যাগতভাবে অনুরূপ সংযোজন মুছে ফেলা**

ভোটার তালিকায় পুনরাবৃত্তি বা ভুল সংযুক্তি সনাক্তকরণ এবং যাচাই করা বিএলও–দের দায়িত্ব। বিএলও–কে অবশ্যই সংলিষ্ট ইআরও দ্বারা মুছে ফেলা পুনরাবৃত্তি বা একাধিক জনসংখ্যাগত অনুরূপ সংযুক্তি সাবধানতার সঙ্গে যাচাই করতে হবে,ভোটার তালিকার সততা বজায় রাখার জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করার পর।

এই পদ্ধতি নিশ্চিত করে যে প্রতিটি ভোটারের একটি একক, সঠিক সংযুক্তি রয়েছে, যা দ্বৈত সংযুক্তি রোধ করতে এবং নির্বাচনের সময় অসাধু উপায় অবলম্বন প্রতিহত করে।

**যথাযথ পদক্ষেপ এবং প্রমাণ সহ স্থানান্তরিত/মৃত নির্বাচকদের অপসারণ**

বিএলও-দের এমন ব্যক্তিদের ভোটার তালিকা থেকে নাম বাদ দিতে হবে যাঁরা স্থায়ীভাবে অন্য জায়গায় স্থানান্তরিত হয়েছেন বা মারা গেছেন। এই কাজের জন্য তাঁদের অবস্থানের প্রমাণ সাপেক্ষ সতর্কতা যাচাই এবং যথাযথ নথিপত্র সংগ্রহ করা প্রয়োজন।

.

**১০০% ঘরে ঘরে যাচাইকরণ**

ভোটার তালিকার নির্ভুলতা নিশ্চিত করার জন্য, বিএলওরা ঘরে ঘরে ব্যাপক যাচাইকরণ পদক্ষেপ গ্রহণ করেন। এই নিবন্ধিত ভোটারদের বিশদ বিবরণ নিশ্চিত করতে এবং যে কোনও উন্নীতকরণের জন্য এলাকার প্রতিটি পরিবার পরিদর্শন করেন। এই প্রক্রিয়াটি ভোটার তালিকায় ত্রুটি বা বাদ পড়া সনাক্ত করতে সাহায্য করে এবং নিশ্চিত করে যে সকল যোগ্য নির্বাচকদের সঠিকভাবে নথিভুক্ত করা হয়েছে।

**পরিবারের সদস্যদের বিভক্ত হওয়া এড়াতে পরিবারগুলোর সংযুক্তি**

বিএলওরা বিভিন্ন ভোটকেন্দ্রে বা ভোটার তালিকায় পরিবারের সদস্যদের বিভক্ত হওয়া এড়াতে ভোটার তালিকায় পরিবারগুলোর সংযুক্তি নিশ্চিত করেন।এই পদক্ষেপের মাধ্যমে নিশ্চিত করা হয় যে পরিবারের সকল সদস্য একসাথে নিবন্ধিত হয়েছে,

ভোটদান প্রক্রিয়া সহজতর হয়েছে এবং নির্বাচনের দিনে সামগ্রী পরিবহনজনিত সমস্যা হ্রাস করা সম্ভব হয়েছে।

## এস এস আর: কখন, কোথায় ,কি ও কেনো

১. কখন: গুরুত্বপূর্ণ নির্বাচনের পূর্বে ভোটার তালিকা উন্নীতকরণ করাটা নিশ্চিত করতে বিভিন্ন সময়ে এস এস আর অনুষ্ঠিত করা হয়।

২. কোথায়:: এই প্রক্রিয়াটি সকল ভোটকেন্দ্রে সম্পন্ন করা হয় ও সমষ্টিটির প্রতিজন যোগ্য ভোটারকে জড়িত করা হয়।

৩. কি: এই প্রক্রিয়াটি সকল ভোটকেন্দ্রে সম্পন্ন করা হয় এবং সমষ্টিটির প্রতিজন যোগ্য ভোটারকে জড়িত করা হয়।

৪. কেনো: এস এস আর-এর প্রধান উদ্দেশ্য হলো ভোটার তালিকার নির্ভরযোগ্যতা ও নিষ্ঠা বজায় রাখা, কারণ এরকম ভোটার তালিকাই হলো স্বচ্ছ, নিরপেক্ষ এবং বিশ্বাসযোগ্য নির্বাচনের মূল ভিত্তি।

এস এস আর-এর সময় বিএলও-দের কর্তব্য

১. সময়সীমাবদ্ধ কাযর্কলাপ: এস এস আর-এর সময় বিএলও-দের ভোটার তালিকা ফলপ্রসূ ও দক্ষতার সঙ্গে উন্নীত করতে কঠোর সময়সীমার অধীনে কাজ করেন।

২. ক্ষেত্র পরীক্ষণ: বিএলও-রা ক্ষেত্র পরীক্ষণ কার্যসমূহ সম্পন্ন করেন ও সকল তথ্য সঠিক ও শুদ্ধ হওয়াটা নিশ্চিত করেন।

৩. সামূহিক প্রচার: তাঁরা উপলব্ধ চ্যানেল যেমন হোয়াটস্অ্যাপ গ্রুপ, ব্যক্তিগত ভাব-বিনিময় ইত্যাদির মাধ্যমে সচেতনতা সৃষ্টি করে যোগ্য নাগরিকদের পঞ্জীয়ন ও এসএসআর-এ অংশগ্রহণ করতে উৎসাহিত করে।

অস্পষ্ট, নিম্নমানের এবং নির্দিষ্ট মানসম্পন্ন নয় এবং মানববিহীন ছবির বদলে তালিকায় ভালো মানদণ্ডের ছবি নিশ্চিত করে ছবির মান উন্নত করা।

## বিশ্বাসযোগ্যতা ও সদিচ্ছার ওপর বিএলও-র প্রভাব

১. বিশ্বাস গড়ে তোলা:

সঠিক ও উন্নীত ভোটার তালিকা বজায় রেখে বিএলও নির্বাচনী প্রক্রিয়া এবং নির্বাচন কমিশনের ব্যবস্থার ওপর আস্থা গড়ে তুলতে সাহায্য করেন।

২. ইতিবাচক সামূহিক যোগাযোগ:

ফলপ্রসূ যোগাযোগ ও উপলব্ধতা বিএলও-দের সম্প্রদায়ের মধ্যে এক বিশ্বাসযোগ্য যোগাযোগের কেন্দ্রবিন্দু করে গড়ে তোলে, যার ফলে তাঁদের জনপ্রিয়তা ও নির্বাচন কমিশনের সুনাম বৃদ্ধি পায়।

**আপনি জানেন কি**

**প্র-পত্র এম**

এই প্র-পত্রটি কাশ্মীরের প্রব্রজিত ভোটাদের জন্য যাঁরা দিল্লি, জম্মু ও উধামপুরের যেকোনো একটি বিশেষ ভোটগ্রহণ কেন্দ্র থেকে ভোটদান করতে চান।

প্র-পত্র ১২সি

এই প্র-পত্র কাশ্মীরের প্রব্রজিত ভোটারদের জন্য যাঁরা ডাক ব্যালটের মাধ্যমে ভোটদান করতে চান।

## ক্ষেত্রীয় ঘটনা

## মুমতাজ হুসেইন জম্মু ও কাশ্মীরের কেন্দ্র শাসিত অঞ্চলের ১৮২-৮৯-পোঞ্চ হাভেলি বিধানসভার বুথের জন্য বিএলও হিসাবে কার্যনির্বাহ করছেন

### একজন বিএলও তৃণমূল পর্যায়ের নেতৃত্বের গুরুত্বের উদাহরণ দর্শান।

তিনি একজন নিষ্ঠাবান বিএলও হিসাবে কাজ করেন। অপ্রতুল সড়ক সংযোগ ব্যবস্থার জন্য তিনি প্রায়ই পায়ে হেঁটে তাঁর দূর-দূরান্তে বসবাসকারী ভোটারদের এলাকায় যান। ভোটার পঞ্জীয়ন ও নির্বাচনে অংশগ্রহণের প্রতি তাঁর ঐকান্তিক মনোভাব উল্লেযোগ্য। কারণ কোনো ব্যক্তি যাতে গণতান্ত্রিক প্রক্রিয়ার বাইরে নাথাকেন তা নিশ্চিত করতে তিনি সম্প্রদায়ের সাথে সক্রিয়ভাবে কাজ করে চলেছেন।

মুমতাজ তাঁর সমষ্টিতে ভোটার পঞ্জীয়ন বৃদ্ধিতে যথেষ্ট সহযোগীতা করেছেন। তিনি বিভিন্ন অঞ্চলে, বিশেষ করে দূরবর্তী গ্রামগুলোতে নির্বাচনী সচেতনতা বৃদ্ধির জন্য বেশ কয়েকটি সভা আয়োজন করেছেন, যাতে সর্বাধিক অংশগ্রহণ নিশ্চিত করা যায়। যুব প্রজন্ম এবং প্রথমবারের জন্য ভোটদান করা লোকদের ওপর গুরুত্ব আরোপ করে সাম্প্রতিক এসএছআর-এ তিনি আটজনেরও বেশি নতুন ভোটার সংযোজন করেন। তাঁর অক্লান্ত প্রচেষ্টায় নিশ্চিত করেছে যে কোনো যোগ্য ভোটার বাদ না পড়ে ও তাঁর ভোটার তালিকা সবদিক থেকে সঠিক এবং সম্পূর্ণ হয়।

সমাজের প্রতি এবং বিএলও হিসাবে নিজের দায়িত্বের প্রতি মুমতাজের উৎসর্গিত মনোভাব,এমনকি দূরবর্তী অঞ্চলেও ভোটার নিবন্ধন বৃদ্ধি ও নির্বাচন প্রক্রিয়াকে অধিক ফলপ্রসূ করার ক্ষেত্রে তৃণমূল পর্যায়ে নেতৃত্বের গুরুত্বকে দর্শায়।

শেখ মুজথাদুল ইসলাম, ১৫- বন্দিপোরা, জম্মু ও কাশ্মীর বিধানসভা, কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১৮৯-খারপোরা বুথের জন্য বি এল ও হিসাবে কাজ করছেন।

বি এল ও অ্যাপ ব্যৱহার করে ভোটার বিবরণের শুদ্ধতা নিশ্চিত করুন

সম্প্রতি সমাপ্ত হওয়া ২য় স্পেশাল সামারি রিভিশনের সময় ৮৯-খারপোরা, জম্মু ও কাশ্মীরের বি এল ও শেখ মুজখাদুল ইসলাম তাঁর ভোটগ্রহণ কেন্দ্রের অন্তর্গত প্রতিটি ঘরে যান। এই প্রচেষ্টাসমূহের ফলে তিনি প্র-পত্র ০৬ ব্যবহার করে নতুন ভোটার নিবন্ধন আবেদনের জন্য ২৫টি, প্র-পত্র ০৭-এর মাধ্যমে অপসারণের জন্য ১৪টি অনুরোধ সংগ্রহ করেন এবং প্র-পত্র ০৮-এর মাধ্যমে ৪২০টি সংশোধনী আবেদন প্রক্রিয়াকরণ করে।

তাঁর ভ্রমণকালে বেশ কয়েকজন ভোটার নির্বাচনী ফটো পরিচয় পত্র (EPICS) নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। এই উদ্বেগসমূহকে অগ্রাধিকার প্রদান করে ভোটারদের বিবরণের শুদ্ধতা নিশ্চিত করে তিনি বি এল ও অ্যাপ-এর সদব্যৱহাৰ করে ৪২০টি এণ্ট্রি শুদ্ধ কৎার পাশাপাশি বদল করেন।

এছাড়াও ফলপ্রসূ যোগাযোগের সুবিধা প্রদানের জন্য তিনি নিজের ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারদের জন্য একটি ওয়াটসঅ্যাপ গ্রুপ শুরু করেন, যেখানে তাঁদের সামারি রিভিশন প্রক্রিয়া, ভোটদানের দিনের তথ্য এবং এস ভি ই ই পি সম্পর্কীয় কাজকর্মের বিষয়ে তিনি সময়-সময় আপডেট প্রদান করেন।

এই ব্যাপক প্রচেষ্টাসমূহের মাধ্যমে শেখ মুজখাদুল ইসলাম কোনো ভোটারকে বাদ না দিয়ে এক মসৃণ, সর্বাঙ্গীন ও সম্যক ভোটার নিবন্ধন প্রক্রিয়া নিশ্চিত করেন।

**বাতো বাতো মে**

**বি এল ও– এর সাথে কথোপকথন**

**লখবিন্দর সিং জম্মু ও কাশ্মীরের কেন্দ্র শাসিত অঞ্চলের বুথ ৬৯(এস সি)-এর একজন বি এল ও  হিসাবে কাজ করছেন।**

**এস এস আর চলাকালীন ভোটার তালিকা উন্নতকরণের জন্য প্রযুক্তিগত সহযোগিতার ব্যবহার**

আমার লক্ষ্য হল ভোটার তালিকায় তালিকাভুক্তির জন্য সমস্ত যোগ্য পরিবারকে কোনো ভেদাভেদ ছাড়া সংযুক্ত করা এবং তালিকা নিশ্চিত করা।  এই বিষয়ে, সম্প্রতি সমাপ্ত ২য় বিশেষ সারসংক্ষেপ সংশোধনের সময় ০১–০৭–২০২৪–কে যোগ্যতার তারিখ হিসাবে গ্রহণ করে, আমি আমার ভোট কেন্দ্রে নির্ধারিত পরিবারগুলো পরিদর্শন করেছি এবং নতুন নিবন্ধন আবেদন বিতরণ, যোগ্য ভোটারদের চিহ্নিত করা এবং ব্যক্তিগতভাবে তাদের নিবন্ধনে উৎসাহিত করার কাজ শুরু করেছি এবং বিদ্যমান ভোটারের তথ্য যাচাই করেছি।

আমি লোকেদের ফর্ম ০৬, ০৭, এবং ০৮ এর উদ্দেশ্য সম্পর্কে বোঝানোর চেষ্টা করেছি এবং ব্যক্তিগত চাহিদা, বিশেষ করে প্রথমবারের ভোটারদের প্রয়োজনীয়তা বুঝতে চেষ্টা করেছি। এ জন্য আমি যৌথ প্রচেষ্টা চালিয়েছি স্থানীয় স্কুলগুলোর সঙ্গে এবং পঞ্চায়েত ঘরের মতো সম্প্রদায়ের জায়গা যেখানে ভোটার সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছিল।

**মিসেস সুনিতা কুমারী ঝাড়খণ্ডের নারখোরিয়া কালার বুথ ২০৬–এর বি এল ও হিসাবে কাজ করছেন।**

**ফটোগ্রাফগুলো সংযুক্ত করার ক্ষেত্রে চ্যালেঞ্জগুলি অতিক্রম করে গণতন্ত্রকে সমুন্নত রাখা**

সুনীতা কুমারী ঝাড়খন্ডের নারখোরিয়া কালা সরকারি আপগ্রেডেড মিডল স্কুল, ভোটকেন্দ্র ২০৬–এর বিএলও হিসেবে গত দুই বছর ধরে দায়িত্ব পালন করছেন ।

বিশেষ সারাংশ সংশোধনের সময়, তিনি বিভিন্ন প্রতিকূলতার সম্মুখীন হন। এলাকাটি, সম্পূর্ণরূপে গ্রামীণ এবং কৃষির উপর ব্যাপকভাবে নির্ভরশীল, কর্মসংস্থানের সুযোগের অভাবে ব্যাপকভাবে সমস্যার সম্মুখীন হতে হয়, যার ফলে ভোটারদের স্থানান্তর হয় যা তাঁর কাজকে জটিল করে তোলে।

ভোটকেন্দ্রে ৭০০ জন নিবন্ধিত ভোটার রয়েছেন, যার লিঙ্গ অনুপাতে ৯৩৪। তিনি সফলভাবে ফর্ম–৭ ব্যবহার করে ভোটার তালিকা থেকে ১৮টি নকল এন্ট্রি সরিয়েছেন, ফর্ম–৬-এর মাধ্যমে ৮৫ জন যোগ্য ব্যক্তিকে ভোটার তালিকায় যুক্ত করেছেন। সাদা কালো এবং নিম্ন মানের ফটোগ্রাফ আপডেট করার ক্ষেত্রে অসংখ্য চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া সত্ত্বেও, সুনীতা ফর্ম–৮ ব্যবহার করে ৮৫ টি এন্ট্রি জমা দিতে সক্ষম হন। তিনি বিভিন্ন ফর্মের মাধ্যমে মোট ২৩৭ টি অনলাইন এন্ট্রি জমা দিয়েছেন। এভাবে তিনি নির্বাচনী দায়িত্ব পালনে নিষ্ঠা ও আন্তরিকতার উদাহরণ দেখিয়েছেন।

সাদা–কালো এবং নিম্ন মানের ফটোগ্রাফ আপডেট করার ক্ষেত্রে অসংখ্য চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া সত্ত্বেও, সুনিতা ৮৫টি এন্ট্রি ফর্ম–৮ জমা দিতে সক্ষম হয়েছে। মোট, তিনি বিভিন্ন ফর্মের মাধ্যমে ২৩৭ টি অনলাইন এন্ট্রি জমা দিয়েছেন। তিনি তার নির্বাচনী দায়িত্ব পালনে নিষ্ঠা ও আন্তরিকতার উদাহরণ দেখিয়েছে

**প্রযুক্তি কর্মক্ষমতায়**
**সাহায্য করে**

**ECI অ্যাপস**
**ইনস্টল করতে**

cVIGIL

ভোটার হেল্পলাইন অ্যাপ

Saksham App

KYC App

অনলাইনে নিবন্ধন করুন বা

ভোটার.eci.gov.in-এ

আপনার বিশদ যাচাই করুন

আমি নিশ্চিতভাবে ভোটদান করবো

ভোট হেল্পলাইন

**১৯৫০**

fb.com/ECI @ecisveep youtube.com/eci @ecisveep ভারতের নির্বাচন কমিশন

[5:11 pm, 03/10/2024] sudipabhattacharjee ghy: অনলাইনে নিবন্ধন করুন বা

এ আপনার বিশদ যাচাই করুন

ভোটার.eci.gov.in